



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019

2nd Term: Answer WorkSheet- 9

Class: 4



Subject: Bengali Gram(গল্প লিখন)

Date: 12/08/2020

সংকেত:-

এক শিয়াল তাড়া খেয়ে ধোপার গামলায় পড়ে যায় --- তার গায়ের রঙ নীল হয় --- বনে গিয়ে সে বনের রাজা বলে দাবি করে --- পশুরা স্বীকার করে নেয় --- একদিন শিয়ালদের সঙ্গে সে ও ডাক শুরু করে --- তারপর ভদ্দ শিয়ালকে বনের পশুরা মেরে ফেলে ।

নীল শিয়ালের গল্প

এক শিয়াল ক্ষুধায় কাতর হয়ে খাবার খুঁজতে খুঁজতে এক শহরে এসে পৌঁছায় । শহরে পৌঁছানোর সাথে সাথেই শহরের কুকুরেরা তাকে তাড়া করে । কুকুরের হাত থেকে নিজেকে বাঁচাতে শিয়াল প্রথম যে বাড়ীর দরজা খোলা পায় সেখানে সে ঢুকে পড়ে । সেই বাড়ীটা ছিল এক ধোপার । কাপড় রঙ করার জন্য ধোপা একটা বড় গামলায় নীলরঙ মিশিয়ে রেখেছিল । শিয়াল লুকানোর জন্য সেই গামলায় লাফিয়ে পড়ে । তার সারা শরীর নীল রঙ হয়ে যায় । সে তার জঙ্গলে ফিরে যায় । জঙ্গলের অন্য পশুরা তাকে দেখে ভীত হয়ে পড়ে । তখন শিয়াল নিজেকে বনের রাজা বলে ঘোষণা করে । বনের সব পশুরা তাকে রাজা হিসেবে মেনে নেয় । একদিন বনের অন্য শিয়ালরা যখন সমবেত স্বরে ডাকছিল তখন সে ও নিজেকে ধরে রাখতে না পেরে শিয়াল দের সাথে ডাকতে শুরু করে । বনের পশুরা তখন ভদ্দ শিয়ালের ভভামি ধরে ফেলে এবং তাকে মেরে ফেলে ।

Manashi Chaudhuri